দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

92

# ১৩ ছাত্রের ভর্তির ব্যাপারে কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সভায় গতকাল রোববার বিশ জনের মধ্যে ১৩ জন মেধাবী ছাত্রের বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর শহীদ উদ্দীনের নেতৃত্বে ১০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। বাকি ৭ জন ছাত্র বিশ্ববিদ্যালয়ে 'খ' ইউনিটে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয়ে এরই মধ্যে বিভিন্ন বিভাগে ভর্তি হয়েছেন।

গঠিত কমিটি আগামী ৭ দিনের মধ্যে এ বিষয়ে ভাইস চ্যান্সেলরের কাছে একটি রিপোর্ট পেশ করবেন। পরে তিনি পুনরায় একাডেমিক কাউন্সিলের অধিবেশন আহবান করবেন।

গতকাল একাডেমিক কাউন্সিলের সভার প্রথম দিকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি আগামী ১৫ জুলাই থেকে সমন্বিত কোর্স অনুমোদনসহ বিভিন্ন এজেন্ডাভুক্ত বিষয় নিয়ে আলোচনা হয়। সন্ধ্যায় ২০ জন ছাত্রের ভর্তির প্রসঙ্গটি সভায় উত্থাপিত হয়। একটি সূত্র জানান, ভর্তির পক্ষে বিপক্ষে দীর্ঘ আলোচনা হয়।

সূত্র জানান, সভায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ বিষয়টি সম্পর্কে সবার সুচিন্তিত মত প্রকাশের আহবান জানান। গতকাল কাউন্সিলের সভায় প্রায় ৪ শতাধিক শিক্ষক আইবিএ মিলনায়তনে উপস্থিত ছিলেন।

বিষয়টি বর্তমানে স্পর্শকাতর ইস্যু, পক্ষে বিপক্ষে মতামত প্রতিফলিত হওয়ায় এর পটভূমি ব্যাখ্যা ও এদের ব্যাপারে একটি গ্রহণযোগ্য সিদ্ধান্ত নেয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর শহীদ উদ্দীন আহমদকে প্রধান করে ১০ সদস্যের কমিটি সর্বসম্মতিক্রমে গঠিত হয়। বাকি সদস্যরা হচ্ছেন বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য, কলা, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের ডীন, এবং বাণিজ্য অনুষদভুক্ত ৪টি বিভাগ যথাক্রমে ফিন্যান্স, মার্কেটিং, একাউন্টিং ও ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যানগণ।

প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী, প্রফেসর আনোয়ার হোসেন, প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্য এই কমিটি গঠনের প্রস্তাব দেন বলে সূত্র জানান। পরে এটি গৃহীত হয়।